বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোন : ৯৫৫০৪০৩, ৯৫৭৩৯২৬
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২২৩৭)
E-mail : dgmsme@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০১৯-২০২০/ ৯02 তারিখ ঃ ২৫/০২/২০২০

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল শাখা ব্যবস্থাপক ( মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কটেজ, মাইক্রো,স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) সংক্রান্ত নির্দেশাবলী প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের (নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) ১৫/০১/২০২০ তারিখে জারীকৃত পত্র নং এসএমইএসপিডি/ডব্লিউইডিইউ/৭০৪(১৩)/২০২০-২৯৫ মোতাবেক প্রয়োজনীয় নির্দেশনা নিম্নে উল্লেখ করা হলোঃ

"কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) অর্থায়নের সাথে সম্পর্কিত বিভিন্ন নীতিমালা এবং কার্যক্রমের বাস্তবায়ন কেবল বড় শহর/নগর কেন্দ্রিক। প্রান্তিক জনগোষ্ঠির নিকট সিএমএসএমই সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য পৌছে দিতে অঞ্চল ভিত্তিক লিড ব্যাংক/ সমন্বয়কারী ব্যাংক নির্বাচন একটি কার্যকর পদ্ধতি এবং এই পদ্ধতির মাধ্যমে সিএমএসএমই সংক্রান্ত কার্যক্রমের সফল বাস্তবায়ন দ্রুত করা সম্ভব। এই বিবেচনায় চলমান পঞ্জিকা বছরের শুরু হতে সিএমএসএমই লিড ব্যাংক পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সিএমএসএমই লিড ব্যাংক নির্বাচন এবং লিড ব্যাংক করণীয় সম্পর্কে নির্দেশাবলী আপনাদের সদয় অবগতির জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। লিড ব্যাংক সংক্রান্ত কর্মসূচি বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো যাচ্ছে।

প্রান্তিক জনগোষ্ঠির নিকট কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) অর্থায়নের সাথে সম্পর্কিত বিভিন্ন নীতিমালা এবং এতদ্‌সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য পৌছে দিতে সংযুক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নির্ধারিত অঞ্চলের জন্য সিএমএসএমই লিড ব্যাংক/ সমন্বয়কারী ব্যাংক নির্বাচন করা হয়েছে। উল্লেখ্য যে, সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে আলোচনা সাপেক্ষে আলোচ্য তালিকা প্রস্তুত করা হয়েছে। লিড ব্যাংক হিসেবে মনোনীত প্রতিষ্ঠান সিএমএসএমই উন্নয়নে উক্ত অঞ্চলে সচেতনতামূলক কর্মসূচি, মতবিনিময় সভা/সেমিনার পরিচালনায় নির্ধারিত কার্যক্রম সম্পাদনের ব্যবস্থা গ্রহন করবে। সংশ্লিষ্ট অঞ্চলে নির্বাচিত লিড ব্যাংক বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের পরামর্শক্রমে মতবিনিময় সভা/সেমিনার এর সময় ও ভ্যেনু নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

এ বিষয়ে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।"

০৩। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট কর্তৃক ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ফেনী জেলা, সময় জানুয়ারী-এপ্রিল' ২০২০ যা বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম অফিসের এবং ঢাকা জেলা, সময় সেপ্টেম্বর-ডিসেম্বর' ২০২০ যা বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের পরামর্শক্রমে যাবতীয় কাজ সম্পাদন করতে হবে। নির্বাচিত সিএমএসএমই লিড ব্যাংক এর করনীয়ঃ

(ক) বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট কর্তৃক প্রস্তুতকৃত সূচি মোতাবেক জেলা ভিত্তিক সিএমএসএমই লিড ব্যাংক সচেতনতামূলক কর্মসূচি হিসেবে মতবিনিময় সভা/সেমিনার পরিচালনা করবে;

(খ) বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের সাথে পরামর্শক্রমে সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ করে নির্বাচিত সিএমএসএমই লিড ব্যাংকসমূহ পিছিয়ে থাকা অঞ্চলে জেলা / উপজেলা পর্যায়ে) মতবিনিময় সভা/আলোচনা অনুষ্ঠান আয়োজন করবে এবং বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করবে;

(গ) মতবিনিময় সভা/সেমিনারের মাধ্যমে এসএমই লিড ব্যাংক সহযোগী অন্যান্য ব্যাংক /আর্থিক প্রতিষ্ঠানের সহযোগীতায় এসএমই অর্থায়নের ক্ষেত্রে আঞ্চলিক ও খাত ভিত্তিক অসামঞ্জস্যতা দূরীকরণসহ নতুন উদ্যোক্তা সৃষ্টি করার বার্তা শহর ও গ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর নিকট তুলে ধরবে;

(ঘ) সিএমএসএমই লিড ব্যাংক সংশ্লিষ্ট অঞ্চলে অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে সহযোগী অন্যান্য ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে যোগাযোগ স্থাপন, অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা প্রণয়ন এবং এতদসংক্রান্ত তথ্য বিনিময় করবে;

চলমান পাতা-০২

বিষয় ঃ কটেজ, মাইক্রো,স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) সংক্রান্ত নির্দেশাবলী প্রসংগে।

(ঙ) সিএমএসএমই লিড ব্যাংক আঞ্চলিক পর্যায়ে অনুষ্ঠেয় মতবিনিময় সভা/আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ও শাখা অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, নারী উদ্যোক্তা সংগঠনসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠন, সিএমএসএমই খাতের উদ্যোক্তা, নিকটস্থ কলেজ/ বিশ্ববিদ্যালয়ের প্রধানসহ শিক্ষার্থী , সংশ্লিষ্ট অঞ্চলের প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানের প্রধান এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রধান (প্রযোজ্য ক্ষেত্রে) এর উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(চ) মতবিনিময় সভা আয়োজনের ক্ষেত্রে যথাসম্ভব অনাড়ম্বরতা, স্বচ্ছতা , পারস্পরিক বোঝাপড়া এবং ব্যয় সংকোচন নীতি, ইত্যাদি বিষয়াদির প্রতি লক্ষ্য রেখে অনুষ্ঠান আয়োজনের প্রকৃত ব্যয়ভার লিড ব্যাংকের তত্ত্বাবধানে অংশগ্রহনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমহারে বহন করবে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের (নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) ১৫/০১/২০২০ তারিখের পত্র নং এসএমইএসপিডি/ডব্লিউইডিইউ/৭০৪(১৩)/২০২০-২৯৫ এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে

আপনার বিশ্বস্ত

২৫/০২/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-বিকেবি-প্রকা ক্রেঃবিঃ- শাখা-০৪ (এসএমই)-৭(৫)/২০১৯-২০২০/ ৯০২ (১২০০)          তারিখঃ ২৫/০২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। উপ-মহাব্যস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। উপ-মহাব্যস্থাপক, সকল কর্পোরেট শাখা / মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/ অফিস নথি।

২৫/০২/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)

সূত্র নং: এসএমইএসপিডি/ডব্লিউইডিইউ/৭০৪(১৩)/২০২০-২৯৫

তারিখ: ১৫/০১/২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

**কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই)**
**লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) সংক্রান্ত নির্দেশনাবলী**

প্রিয় মহোদয়,

কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) অর্থায়নের সাথে সম্পর্কিত বিভিন্ন নীতিমালা এবং কার্যক্রমের বাস্তবায়ন কেবল বড় শহর কিংবা নগর কেন্দ্রিক মর্মে পরিলক্ষিত হচ্ছে। প্রান্তিক জনগোষ্ঠীর নিকট সিএমএসএমই সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য পৌঁছে দিতে অঞ্চল ভিত্তিক লিড ব্যাংক/সমন্বয়কারী ব্যাংক নির্বাচন একটি কার্যকর পদ্ধতি এবং এই পদ্ধতির মাধ্যমে সিএমএসএমই সংক্রান্ত কার্যক্রমের সফল বাস্তবায়ন দ্রুত করা সম্ভব। এই বিবেচনায় চলমান পঞ্জিকা বছরের শুরু হতে সিএমএসএমই লিড ব্যাংক পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সিএমএসএমই লিড ব্যাংক নির্বাচন এবং লিড ব্যাংকের করণীয় সম্পর্কে নির্দেশনাবলী আপনাদের সদয় অবগতির জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। লিড ব্যাংক সংক্রান্ত কর্মসূচি বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো যাচ্ছে।

প্রান্তিক জনগোষ্ঠীর নিকট কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) অর্থায়নের সাথে সম্পর্কিত বিভিন্ন নীতিমালা এবং এতদ্সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য পৌঁছে দিতে সংযুক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নির্ধারিত অঞ্চলের জন্য সিএমএসএমই লিড ব্যাংক/সমন্বয়কারী ব্যাংক নির্বাচন করা হয়েছে। উল্লেখ্য যে, সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে আলোচনা সাপেক্ষে আলোচ্য তালিকা প্রস্তুত করা হয়েছে। লিড ব্যাংক হিসেবে মনোনীত প্রতিষ্ঠান সিএমএসএমই উন্নয়নে উক্ত অঞ্চলে সচেতনতামূলক কর্মসূচি, মতবিনিময় সভা/সেমিনার পরিচালনায় নির্ধারিত কার্যক্রম সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবে। সংশ্লিষ্ট অঞ্চলে নির্বাচিত লিড ব্যাংক বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের পরামর্শক্রমে মতবিনিময় সভা/সেমিনার এর সময় ও ভ্যেনু নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

এবিষয়ে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

সংযুক্তি-১। এ সংক্রান্ত নির্দেশনাবলী
২। লিড ব্যাংক ক্যালেন্ডার

আপনাদের বিশ্বস্ত,

(লীলা রশিদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২
ই-মেইল- lila.rashid@bb.org.bd

৪০১১ ২৭/০১/২০২০
ব্যবস্থাপনা পরিচালক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৬৭৭ ২৭/০১/২০২০
DGM-Credit Dept
ডিএমডি-১

**কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই)**
**লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) সংক্রান্ত নির্দেশনাবলী**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) অর্থায়নের সাথে সম্পর্কিত বিভিন্ন নীতিমালা এবং কার্যক্রমের বাস্তবায়ন কেবল বড় শহর/নগর কেন্দ্রিক। প্রান্তিক জনগোষ্ঠীর নিকট সিএমএসএমই সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য পৌঁছে দিতে লিড ব্যাংক/সমন্বয়কারী ব্যাংক নির্বাচন একটি কার্যকর পদ্ধতি এবং এই পদ্ধতির মাধ্যমে সিএমএসএমই সংক্রান্ত কার্যক্রমের সফল বাস্তবায়ন দ্রুত করা সম্ভব। কোন বিশেষ উদ্দেশ্য বাস্তবায়নে লিড ব্যাংক সংশ্লিষ্ট অঞ্চলের ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসহ সকল স্টেক হোল্ডারদের একটি প্ল্যাটফরমে এনে নিবেদিতভাবে কাজ করতে সক্ষম বিবেচনায় সিএমএসএমই লিড ব্যাংক নির্বাচন এবং লিড ব্যাংকের করণীয় সম্পর্কে নির্দেশনাবলী নিম্নরূপঃ-

**সিএমএসএমই লিড ব্যাংক নির্বাচনে বাংলাদেশ ব্যাংকের করণীয়**

(১) বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট পঞ্জিকা বছরের শুরুতেই জেলা ভিত্তিক সিএমএসএমই লিড ব্যাংক নির্বাচনপূর্বক বাংলাদেশ ব্যাংকের সকল শাখা অফিস এবং সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে অবহিত করবে। প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট সিএমএসএমই বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি পরিচালনার লক্ষ্যে সময় ও অঞ্চল চিহ্নিতকরণপূর্বক প্রস্তুতকৃত সূচিও সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সরবরাহ করবে;

(২) সিএমএসএমই লিড ব্যাংক নির্বাচন প্রক্রিয়ায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অঞ্চলভিত্তিক কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই)-এ অর্থায়ন সংক্রান্ত কার্যক্রম এবং দেশ ব্যাপী শাখা নেটওয়ার্ক বিবেচনায় রাখা হবে;

(৩) সিএমএসএমই লিড ব্যাংকের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ে (জেলা/উপজেলা) সিএমএসএমই বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট সম্পৃক্ত থাকবে এবং আঞ্চলিক পর্যায়ে (জেলা/উপজেলা) পরিচালিত সচেতনতামূলক কর্মসূচি তদারকিকরণপূর্বক বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়কে অবহিত করবে;

(৪) বাংলাদেশ ব্যাংক শাখা অফিসসমূহ সংশ্লিষ্ট অঞ্চলের লিড ব্যাংক এর সহযোগিতায় সিএমএসএমই খাতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ আঞ্চলিক পর্যায়ে 'সেরা ব্যাংক শাখা নির্বাচন' এবং সিএমএসএমই উদ্যোক্তাদের উৎসাহ প্রদানে 'এপ্রিসিয়েশন লেটার প্রদান' সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করবে। উদ্যোক্তাদের ব্যাংকিং কার্যক্রমে উদ্বুদ্ধ করতে অনুষ্ঠানে প্রকাশ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা যেতে পারে;

(৫) বছরব্যাপী (জানুয়ারি-ডিসেম্বর)-এ অনুষ্ঠিত মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন 'অগ্রগতি মূল্যায়ন সভা' সংশ্লিষ্ট অঞ্চলের বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহে বছর শেষে অনুষ্ঠিত হবে এবং এতদ্‌সংক্রান্ত কার্যক্রমের মূল্যায়ন প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহ প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। 'অগ্রগতি মূল্যায়ন সভায়' স্থানীয় লিড ব্যাংকের আওতাধীন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট লিড ব্যাংক বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসকে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

**নির্বাচিত সিএমএসএমই লিড ব্যাংক এর করণীয়**

(১) বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক প্রস্তুতকৃত সূচি মোতাবেক জেলা ভিত্তিক সিএমএসএমই লিড ব্যাংক সচেতনতামূলক কর্মসূচি হিসেবে মতবিনিময় সভা/সেমিনার পরিচালনা করবে;

(২) বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের সাথে পরামর্শক্রমে সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ করে নির্বাচিত সিএমএসএমই লিড ব্যাংকসমূহ পিছিয়ে থাকা অঞ্চলে (জেলা/উপজেলা পর্যায়ে) মতবিনিময় সভা/আলোচনা অনুষ্ঠান আয়োজন করবে এবং বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করবে;

(৩) মতবিনিময় সভা/সেমিনারের মাধ্যমে এসএমই লিড ব্যাংক সহযোগী অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সহযোগিতায় এসএমই অর্থায়নের ক্ষেত্রে আঞ্চলিক ও খাত ভিত্তিক অসামঞ্জস্যতা দূরীকরণসহ নতুন উদ্যোক্তা সৃষ্টি করার বার্তা শহর ও গ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর নিকট তুলে ধরবে;

(৪) সিএমএসএমই লিড ব্যাংক সংশ্লিষ্ট অঞ্চলে অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে সহযোগী অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে যোগাযোগ স্থাপন, অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা প্রণয়ন এবং এতদ্‌সংক্রান্ত তথ্য বিনিময় করবে;

(৫) সিএমএসএমই লিড ব্যাংক আঞ্চলিক পর্যায়ে অনুষ্ঠেয় মতবিনিময় সভা/আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ও শাখা অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, নারী উদ্যোক্তা সংগঠনসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠন, সিএমএসএমই খাতের উদ্যোক্তা, নিকটস্থ কলেজ/বিশ্ববিদ্যালয়ের প্রধানসহ শিক্ষার্থী, সংশ্লিষ্ট অঞ্চলের প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানের প্রধান এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রধান (প্রযোজ্য ক্ষেত্রে) এর উপস্থিতি নিশ্চিত করবে;

(৬) মতবিনিময় সভা আয়োজনের ক্ষেত্রে যথাসম্ভব অনাড়ম্বরতা, স্বচ্ছতা, পারস্পরিক বোঝাপড়া এবং ব্যয় সংকোচন নীতি, ইত্যাদি বিষয়াদির প্রতি লক্ষ্য রেখে অনুষ্ঠান আয়োজনের প্রকৃত ব্যয়ভার লিড ব্যাংকের তত্ত্বাবধানে অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমহারে বহন করবে।

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার
(বাংলাদেশ ব্যাংক চট্টগ্রাম অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | কুমিল্লা | এবি ব্যাংক লিঃ | | | বাংলাদেশ ব্যাংক চট্টগ্রম অফিস |
| ২ | নোয়াখালী | | | উত্তরা ব্যাংক লিঃ | |
| ৩ | রাঙ্গামাটি | | মার্কেন্টাইল ব্যাংক লিঃ | | |
| ৪ | খাগড়াছড়ি | | | জনতা ব্যাংক লিঃ | |
| ৫ | বান্দরবন | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | | | |
| ৬ | চাঁদপুর | | | মার্কেন্টাইল ব্যাংক লিঃ | |
| ৭ | ফেনী | বাংলাদেশ কৃষি ব্যাংক | | | |
| ৮ | কক্সবাজার | | ঢাকা ব্যাংক লিঃ | | |
| ৯ | লক্ষীপুর | | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ | | |
| ১০ | চট্টগ্রাম | | | সোনালী ব্যাংক লিঃ | |

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার

(বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | নারায়ণগঞ্জ | | | আইএফআইসি ব্যাংক লিঃ | |
| ২ | গাজীপুর | | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ | | |
| ৩ | নরসিংদী | প্রিমিয়ার ব্যাংক লিঃ | | | |
| ৪ | ব্রাহ্মণবাড়িয়া | | প্রিমিয়ার ব্যাংক লিঃ | | |
| ৫ | ফরিদপুর | | | এনসিসি ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা |
| ৬ | মানিকগঞ্জ | দি সিটি ব্যাংক লিঃ | | | |
| ৭ | মুন্সিগঞ্জ | | আইএফ আই সি ব্যাংক লিঃ | | |
| ৮ | রাজবাড়ী | | | সাউথ ইষ্ট ব্যাংক লিঃ | |
| ৯ | মাদারীপুর | | | পূবালী ব্যাংক লিঃ | |
| ১০ | ঢাকা | | | বাংলাদেশ ব্যাংক কৃষি ব্যাংক | |
| | | | | | |

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার

(বাংলাদেশ ব্যাংক রাজশাহী অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | কুষ্টিয়া | এনসিসি ব্যাংক লিঃ | | | বাংলাদেশ ব্যাংক রাজশাহী অফিস |
| ২ | মেহেরপুর | | উত্তরা ব্যাংক লিঃ | | |
| ৩ | পাবনা | | | সোসাল ইসলামী ব্যাংক লিঃ | |
| ৪ | চাঁপাইনবাবগঞ্জ | | | এক্সিম ব্যাংক লিঃ | |
| ৫ | চুয়াডাঙ্গা | | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | | |
| ৬ | নাটোর | আইডিএলসি ফাঃ লিঃ | | | |

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার
(বাংলাদেশ ব্যাংক বগুড়া অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | নওগাঁ | | | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক বগুড়া অফিস |
| ২ | জয়পুরহাট | | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ | | |
| ৩ | সিরাজগঞ্জ | | সোসাল ইসলামী ব্যাংক লিঃ | | |
| ৪ | গাইবান্দা | পূবালী ব্যাংক লিঃ | | | |
| ৫ | বগুড়া | | | অগ্রণী ব্যাংক লিঃ | |

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার
(বাংলাদেশ ব্যাংক সিলেট অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | সুনামগঞ্জ | | | প্রাইম ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক সিলেট অফিস |
| ২ | মৌলভীবাজার | ইস্টার্ন ব্যাংক লিঃ | | | |
| ৩ | হবিগঞ্জ | | আইডিএলসি ফাঃ লিঃ | | |
| ৪ | সিলেট | | সোনালী ব্যাংক লিঃ | | |

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার
(বাংলাদেশ ব্যাংক বরিশাল অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ৮ | পটুয়াখালী | | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | | বাংলাদেশ ব্যাংক বরিশাল অফিস |
| ৯ | পিরোজপুর | ব্র্যাক ব্যাংক লিঃ | | | |
| ১০ | বরগুনা | রূপালী ব্যাংক লিঃ | | | |
| ১১ | ঝালকাঠি | | | সোনালী ব্যাংক লিঃ | |
| ১২ | ভোলা | | অগ্রণী ব্যাংক লিঃ | | |
| ১৩ | শরীয়তপুর | | | অগ্রণী ব্যাংক লিঃ | |
| ১৪ | বরিশাল | | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | | |

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার

(বাংলাদেশ ব্যাংক রংপুর অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | নীলফামারী | | | ঢাকা ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক রংপুর অফিস |
| ২ | পঞ্চগড় | | রূপালী ব্যাংক লিঃ | | |
| ৩ | কুড়িগ্রাম | সোনালী ব্যাংক লিঃ ঃ | | | |
| ৪ | দিনাজপুর | | এক্সিম ব্যাংক লিঃ | | |
| ৫ | লালমনিরহাট | | সোনালী ব্যাংক লিঃ | | |
| ৬ | ঠাকুরগাও | জনতা ব্যাংক লিঃ | | | |
| ৭ | রংপুর | | | অগ্রণী ব্যাংক লিঃ | |

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার

(বাংলাদেশ ব্যাংক ময়মনসিংহ অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা./ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | টাঙ্গাইল | | | সাউথ ইষ্ট ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক ময়মনসিংহ অফিস |
| ২ | কিশোরগঞ্জ | বেসিক ব্যাংক লিঃ | | | |
| ৩ | জামালপুর | | ন্যাশনাল ব্যাংক লিঃ | | |
| ৪ | শেরপুর | | | ব্র্যাক ব্যাংক লিঃ | |
| ৫ | ময়মনসিংহ | সোনালী ব্যাংক লিঃ | | | |
| ৬ | নেত্রকোনা | | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | | |

# ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার

(বাংলাদেশ ব্যাংক খুলনা অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | গোপালগঞ্জ | যমুনা ব্যাংক লিঃ | | | বাংলাদেশ ব্যাংক খুলনা অফিস |
| ২ | যশোর | | ডাচ বাংলা ব্যাংক লিঃ | | |
| ৩ | ঝিনাইদহ | | | ন্যাশনাল ব্যাংক লিঃ | |
| ৪ | মাগুরা | প্রাইম ব্যাংক লিঃ | | | |
| ৫ | সাতক্ষীরা | | ওয়ান ব্যাংক লিঃ | | |
| ৬ | বাগেরহাট | | | আল আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ | |
| ৭ | নড়াইল | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | | | |
| ৮ | খুলনা | | | অগ্রণী ব্যাংক লিঃ | |